উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

পলাশবাড়ী ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মমতাজ আলী প্রামানিক
চেয়ারম্যান, পলাশবাড়ী ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর।
সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন সভাকক্ষ।
সভার তারিখ ঃ ০৮-০৩-২০২১ খ্রি.
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকায়

সভায় সদস্যবৃন্দের উপস্থিতির নাম ক্রমানুসারে ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

অদ্যকার সভায় জনাব জনাব মমতাজ আলী প্রামানিক, চেয়ারম্যান, পলাশবাড়ী ইউনিয়ন পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। অতপর সভার আলোচ্য সূচি মোতাবেক নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

সভায় গত ইউনিয়ন উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী পাঠ অন্তে উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে কোন আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহিত হইল।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্রঃ নং	আলোচ্য সুচী	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি
১	কৃষি বিভাগ	উপসহকারী কৃষি কর্মকর্তা (ব্লক - ০৩) সভায় জানান যে, কৃষি সংক্রান্ত বিষয়ে সকল কার্যক্রম চলমান আছে। কৃষি প্রনোদনা হিসেবে ৩৫০ জনকে হাইব্রীড ধানবীজ, ৭৫ জনকে ভুট্টা বীজ, গম বীজ সহ অন্যান্য ফসলের বীজ বিনামুল্যে বিতরন করা হয়েছে। তাছাড়া কৃষি যন্ত্রপাতির প্রনোদনা হিসেবে পলাশবাড়ী দলভিত্তিক ০৮টি পাওয়ার থ্রেসার (ধান মাড়াই) মেশিন বিতরন করা হয়েছে। তিনি আরো জানান, বর্তমানে রোপা আমন ধানে বিভিন্ন ধরনের পোকার আক্রমন ঘটেছে। জমিতে পানি শুকিয়ে পুনরায় পানি দেওয়ার পরামর্শ প্রদান করেন। সঠিক প্রক্রিয়া ও বৈজ্ঞানিক পদ্ধতিতে কিটনাশক প্রয়োগের জন্য আহবান জানান। এ বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে সকল কৃষককে পরামর্শ গ্রহন করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ আহবান জানান।	চাহিদা মোতাবেক সহযোগীতা করা হবে।	ইউপি চেয়ারম্যান/এসএএও
২	শিক্ষা বিভাগ	শিক্ষা বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর কারনে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। তবে শিক্ষার্থীদেরকে অনলাইনের মাধ্যমে শিক্ষা প্রদানের কাজ যথারীতি চলমান আছে। সরকার কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে দ্রুত শিক্ষা প্রতিষ্ঠান খোলার সম্ভাবনা আছে।	শিক্ষা বিভাগের প্রতিনিধিকে ছাত্রছাত্রীদেরকে অনলাইনের ক্লাস করার জন্য প্রচার প্রচারনার জন্য অনুরোধ জানানো হইল।	সহকারি উপজেলা শিক্ষা অফিসার, নীলফামারী সদর।
৩	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ	সভায় কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন কার্যপত্র পাওয়া যায়নি।	প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।	সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নীলফামারী সদর।

৪	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	ইউনিয়ন স্বাস্থ্য পরিদর্শক সভায় জানান যে, বর্তমানে কোভিড-১৯ এর টিকা প্রদানের কার্যক্রম চলমান আছে। উক্ত টিকাদান কার্যক্রম সফল করার জন্য তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন ও প্রচারনা বৃদ্ধির জন্য মাইকিং, পোস্টার, লিফলেট বিতরন করার জন্য আহবান জানান। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। পলাশবাড়ি ইউনিয়নে স্বাস্থ্য কেন্দ্রে সাধারণ রোগি ৬৫৫জন, শিশু ১৩৮জন, গর্ভকালীন যত্ন ৮৫জন, গর্ভপরবর্তী কালিন সেবা ১২জনের ও কিশোর-কিশোরীদের ১১০জনকে সেবা প্রদান করা হয়েছে। সাধারন ডেলিভারি ০৯টি করা হয়েছে।	১। কমিউনিটি ক্লিনিকসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। স্বাস্থ্যসেবার মান উন্নয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত সকলকে নির্দেশনা প্রদান করতে হবে	উপসহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা/স্বাস্থ্য পরিদর্শক/ সহকারী স্বাস্থ্য পরিদর্শক
৫	পরিবার পরিকল্পনা বিভাগ	ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মাঠ পর্যায়ে সহকারীগণের মাধ্যমে জনসাধারনের মাঝে খাবার বড়ি ২০৬৫ চক্র, ইনজেকশন ১০৬৫ জন, কনডম ৬৫ পিস, ইউডি ৩০ জন, ইমপ্লান্ট ২২০ জন এবং স্থায়ী পদ্ধতিতে ৬২৩ জনকে সহযোগীতা প্রদান করা হয়েছে।	মাঠ পর্যায়ে কর্মরত সহকারী গণের মাধ্যমে পরিবার পরিকল্পনা গ্রহণে জনগণকে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যান সহকারী
৬	প্রানিসম্পদ বিভাগ	ইউনিয়ন প্রানিসম্পদ প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম চলমান আছে। করোনকালীন প্রনোদনা হিসেবে খামারি অনুপাতে ৫,০০০/- টাকা প্রনোদনা প্রদান করা হয়েছে। এছাড়া গবাদিপশুর ভ্যকসিনেশন কার্যকম চলমান আছে। ইতিমধ্যে বিভিন্ন বোগের প্রায় ৯০০০ ডোজ টিকা প্রদান করা হযেছে। এছাড়া ৭৫০০টি ছাগলের পিপিআর রোগের টিকা প্রদান করা হয়েছে।	মাঠ পর্যায়ে কর্মরত সহকারী গণের মাধ্যমে জনগণকে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা/এফভিএ নীলফামারী সদর
৭	কমিউনিটি অর্গানাইজার, স্থানীয় সরকার প্রকৌশল বিঃ	সভায় কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন কার্যপত্র পাওয়া যায়নি।	প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।	উপজেলা প্রকৌশলী/সিও, নীলফামারী সদর।
৮	সমাজসেবা বিভাগ	সমাজসেবা বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও স্বামী পরিত্যক্তা ভাতার কাজ অনলাইনে আছে। যে সকল লোকের বয়স ৬৫ বছরের উর্দ্ধে তাদেরকে সমাজসেবা বিভাগের প্রতিনিধির মাধ্যমে তথ্য অনলাাইনে এন্ট্রি করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হইল। তালিকায় যাতে সচ্ছল, ধনী ব্যক্তি যাতে অন্তর্ভক্ত না হয় সে বিষয়ে সকলকে সজাগ থাকার পরামর্শ প্রদান করা হইল।	প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নীলফামারী সদর।
৯	মৎস্য বিভাগ	সভায় কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন কার্যপত্র পাওয়া যায়নি।	প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা/ফিল্ড সহকারি মৎস্য অধিদপ্তর, নীলফামারী সদর

১০	পিআরডিপি ০৩	পিআরডিপি ০৩ প্রকল্পের আওতায় কিসামত কানাইকাটা গ্রাম উন্নয়ন কমিটির সভাপতি সভায় জানান যে, পিআরডিপি ০৩ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ০২টি প্রকল্প বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প ০২টির মধ্যে ০১টি প্রকল্প বাস্তবায়নের প্রস্তুতি গ্রহন করা হচ্ছে। ১। ০৮নং ওয়ার্ডের খলিশাপচা দরিদ্র পরিবারের মাঝে নলকুপ স্থাপন। বরাদ্দ : ১,০০,০০০/- টাকা। ২। ০৭নং ওয়ার্ডে কৃষি বিষয়ক প্রশিক্ষণ। এছাড়া বিভিন্ন বিষয়ের উপর পিআরডিপি ০৩ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।	২০২০-২০২১ অর্থ বছরের অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহন করা হবে এবং প্রশিক্ষণ দেওয়া হবে।	সকল গ্রাম উন্নয়ন কমিটির সভাপতি/সাধারন সম্পাদক ও পিআরডিপি-৩ প্রকল্পের প্রতিনিধি
১১	আনসার ও ভিডিপি	ইউনিয়ন দলনেত্রী সভায় জানান যে, বর্তমানে ২ প্লাটুন আনসার ও ভিডিপি আছে। নতুন প্লাটুন গঠনের কার্যক্রম চলমান আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সামাজিক কার্যক্রমে আনসার ও ভিডিপি কর্মীদের অংশগ্রহন বৃদ্ধি করতে হবে।	ইউনিয়ন দলনেতা/দলনেত্রী আনসার ভিডিপি
১২	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের পলাশবাড়ী ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত টিউবওয়েল মেকানিক সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ২৬ নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। জনগুরুত্বপুর্ন স্থানে নলকূপ স্থাপনের কাজ চলমান আছে।	দ্রুত নলকূপ স্থাপন করার জন্য অনুরাধ করা হলো।	নলকুপ মেকানিক, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তার কার্যালয়, নীলফামারী সদর।
১৩	বিআরডিবি	সভায় বিআরডিবি প্রতিনিধি জানান যে, পলাশবাড়ীতে মোট ০৪টি সমিতির কাজ চলমান আছে। সদাবিক সমিতির মাধ্যমে স্বল্পমুল্যে লোন প্রদান করা হয়। নীতিমালা মোতাবেক নতুন সমিতি গঠন করা যাবে।	প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।	মাঠ সংগঠক, উপজেলা বিআরডিবি কর্মকর্তার কার্যালয়, নীলফামারী সদর।
১৪	আইন শৃঙ্খলা সংক্রান্ত	সভাপতি সভায় জানান যে, অত্র ইউপির আইন শৃঙ্খলা কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গ্রাম পুলিশগণ প্রতিরাতে পাহারা দেন। মাদক, ছিনতাই, জুয়া ইত্যাদি প্রতিরোধ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তাছাড়া বর্তমানে সাইকেল, ভ্যান, অটোরিকসা ও আটো চার্জার চুরি বেড়ে গিয়েছে। এ ব্যাপারে সকলকে সজাগ থাকার জন্য সভাপতি অনুরোধ জানান।	গ্রাম পুলিশ ও ভিডিপি সদস্যগনকে সঠিকভাবে তাদের দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়	সকল ইউপি সদস্য/সদসা গ্রাম পুলিশ/আনসার/ ভিডিপি
১৫	এলজিএসপি৩	সভায় ইউপি চেয়ারম্যান যে, চলতি ২০২০-২০২১ অর্থ বছরে মোট এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ২৩,২২,০০০/- (তেইশ লক্ষ বাইশ হাজার) টাকা পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত টাকার বিপরিতে উন্মুক্ত সভা হতে প্রাপ্ত স্কিম বাস্তবায়ন প্রক্রিয়া চলমান আছে।	প্রকল্পগুলি দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সকল ইউপি সদস্য/ সদস্যা

১৬	জানো প্রকল্প (জয়েন্ট একশন ফর নিউট্রিশন আউটকাম)	জানো প্রকল্পের প্রতিনিধি সভায় ইউপি পুষ্টি পরিকল্পনা ও বিভিন্ন সংস্থা ও দপ্তরের পুষ্টি পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি সভায় আরো জানান যে, করোনাকালীন সময়ে সামাজিক দুরত্ব বজায় রেখে জানো প্রকল্পের আওতায় উঠান বৈঠক ৮০টি, কমউনিটি সাপোর্ট গ্রুপের মিটিং ০৯টি, গর্ভবতি মা, কিশোর-কিশোরী ও কোভিড-১৯ রোধে ১৭০০জনকে কাউন্সিলিং করা হয়েছে। এছাড়া ১৫০০ জনের বাড়ী পরিদর্শন করা হয়েছে। এছাড়া কৃষি প্রশিক্ষণ ০৩টি ও পশু পালন দলের ০৩টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জেন্ডার এনালাইসিস বিষয়ে ২৭টি পাড়ায় আলোচনা করা হয়। ০৪নং ওয়ার্ডের বুজারি পাড়ায় বাড়ীর আঙ্গিনায় উৎপাদিত সবজি প্রক্রিয়াজাতকরন ও বহুমুখী রন্ধন প্রদশর্নির মাধ্যমে ৩০জন কিশোর-কিশোরী, গর্ভবতী মা, দুগ্ধদানকারী মা, শিশু ও পরিচর্যাকারীদেরকে পুষ্টি বিষয়ক খিচুড়ি রান্না করে খাওয়ানো হয় ও নিয়মকানুন শেখানো হয়।	ইউপি পুষ্টি পরিকল্পনা ও বিভিন্ন সংস্থা ও দপ্তরের পুষ্টি পরিকল্পনা কার্যক্রমে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ইউপি সদস্য/ সদস্যা এবং এফএফ ও সিভি জানো প্রকল্প

(জনাব মমতাজ আলী প্রামানিক)
সভাপতি
ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
পলাশবাড়ী ইউনিয়ন পরিষদ
সদর,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
(স্থানীয় সরকারের কার্যালয়)
পলাশবাড়ী ইউনিয়ন পরিষদ কার্যালয়
নীলফামারী সদর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ পলাশ/ইউপি/নীল/২০২১/ তারিখঃ ০৯-০৩-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, নীলফামারী।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর।
৫। ..... কর্মকর্তা , নীলফামারী সদর।
৬। জনাব/জনাবা..... ইউপি সদস্য/সংরক্ষিত মহিলা সদস্য, ওয়ার্ড নং ...., পলাশবাড়ী ইউপি।
৭। জনাব/জনাবা..... সদস্য, পলাশবাড়ী ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি।
৮। অফিস কপি।

(মোঃ নুর ইসলাম)
সদস্য সচিব
পলাশবাড়ী ইউনিয়ন সম্বনয় কমিটি ও
সচিব
৪নং পলাশবাড়ী ইউনিয়ন পরিষদ,
সদর,নীলফামারী।
Email: bupsa.nil2015@gmail.com